গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ সুপারের কার্যালয়
নরসিংদী

স্মারক নং-৭৭২৯/ই তারিখ-২৪/১২/২০২০ খ্রিঃ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, পুলিশ-২ শাখা, ঢাকার স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৫.০২.০০২.২০.৩৭৩ তারিখ-২১/০৯/২০২০খ্রিঃ এবং পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার স্মারক নং-প্রশাসন/৫৬-২০১২/৫০৭(৪) তারিখ-০৪/১০/২০২০ খ্রিঃ মোতাবেক শূন্য পদ পূরণের নিমিত্তে নরসিংদী জেলা পুলিশ সুপার কার্যালয়ের নিম্নবর্ণিত পদসমূহের প্রচলিত নিয়োগবিধি ও শর্তানুযায়ী অস্থায়ী ভিত্তিতে জাতীয় বেতন স্কেল ২০১৫, অনুযায়ী সরাসরি নিয়োগের নিমিত্তে নরসিংদী জেলার স্থায়ী (পুরুষ/মহিলা) বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত চাকরির আবেদন ফরমে স্ব-হস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) | ০১ (এক)টি | (১১০০০-২৬৫৯০) | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ৫০ শব্দ ও ইংরেজীতে ৮০ শব্দের গতি সম্পন্ন হতে হবে;<br>গ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দ হতে হবে;<br>ঘ) ই-মেইল, ফ্যাক্স মেশিন চালনায় দক্ষ হতে হবে। |
| ০২. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) | ০৩ (তিন)টি | (৯৩০০-২২৪৯০) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দ হতে হবে;<br>গ) ই-মেইল, ফ্যাক্স মেশিন চালনায় দক্ষ হতে হবে। |

## শর্তাবলী ঃ

১। এক পাতার নির্ধারিত আবেদন ফরম ও প্রবেশপত্র নরসিংদী জেলা পুলিশ সুপারের কার্যালয়ের প্রশাসন শাখা এবং পুলিশ সুপারের কার্যালয়, নরসিংদী এর www.police.narsingdi.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদন ফরমের নির্দেশনা এবং চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও নরসিংদী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

৩। ১নং ক্রমিকে বর্ণিত পদের জন্য প্রার্থীকে সাঁটলিপি লিখন ও কম্পিউটার চালনায় এবং ২নং ক্রমিকে বর্ণিত পদের জন্য কম্পিউটার চালনায় দক্ষ হতে হবে।

৪। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৫। পুলিশ সুপার, নরসিংদী বরাবর আবেদন করতে হবে।

৬। খামের উপর মোটা অক্ষরে পদের নাম এবং বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম-ঠিকানা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

৭। বিভাগীয়/চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

৮। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

(ক) সম্প্রতি তোলা ০২ (দুই) কপি ৫x৫ সে.মি. আকারের রঙ্গিন ছবি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) এবং ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি আবেদনপত্রের নির্ধারিত স্থানে স্ট্যাপলার মেশিন দ্বারা সংযুক্ত করতে হবে।

(খ) প্রার্থীকে ১-২২১১-০০০০-২০৩১ নম্বর কোডে ট্রেজারী চালানের মাধ্যমে ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে চালানের মূল কপি আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর, তারিখ এবং ব্যাংক ও শাখার নাম লিপিবদ্ধ করতে হবে।

(গ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সঙ্গে নিজের নাম-ঠিকানা লিখিত ১৫/- (পনেরো) টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকিট লাগানো ১০.৫ x ৪.৫ সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে।

(ঘ) স্বহস্তে পূরণকৃত প্রবেশপত্র। প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে ৫x৫ সে.মি. আকারের ০১ (এক)কপি রঙ্গিন ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

(ঙ) মহিলা কোটা ব্যতিত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি আবেদনের সাথে জমা দিতে হবে।

৯। (ক) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে এবং ছকে প্রার্থীর কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করে আবেদনের সাথে দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | প্রার্থীর সাথে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ | প্রমাণকের বিবরণ | বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | (নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখসহ) | ১। লাল মুক্তিবার্তা নম্বরঃ<br>২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বর ঃ<br>৩। গেজেট নম্বর ও তারিখঃ<br>৪। সামরিক সদস্যের সনদ ও তারিখ ঃ<br>৫। বামুস সনদের নম্বর ও তারিখ (ক্রমিক নং ১ ও ২ এ বর্ণিত তালিকায় নাম না থাকলে ৩ নং ক্রমিকে বর্ণিত গেজেটসহ ৪ ও ৫ নং ক্রমিকে বর্ণিত উভয় অথবা যে কোন একটি প্রমাণক দাখিল করতে হবে। | ১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখঃ<br>২। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখঃ<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখঃ<br>৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়নপত্র অনুযায়ী জন্ম তারিখঃ | |

১০। লিখিত এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।

(ক) পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

(খ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনো হয়নি তাদেরকে পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

(গ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র।

(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) ১নং ক্রমিকে বর্ণিত পদের জন্য শর্টহ্যান্ড ও কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র।

(চ) ২নং ক্রমিকে বর্ণিত পদের জন্য কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র।

(ছ) ৯নং শর্তের ছকে বর্ণিত কাগজপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

স্মারক নং-৭৭২৯(৩১)/ই তারিখঃ-২৪/১২/২০২০ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবলায়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। ডিআইজি, ঢাকা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
০৫। অ্যাডিশনাল ডিআইজি (ওঅ্যান্ডএম), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
০৬। এআইজি (অ্যাডমিনিস্ট্রেশন/পার্সোনেল ম্যানেজমেন্ট-৩/রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং-২), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০৭। জেলা প্রশাসক, নরসিংদী।
০৮। পুলিশ সুপার (সকল)................................................... ঢাকা রেঞ্জ।
০৯। মেয়র, নরসিংদী পৌরসভা, নরসিংদী।
১০। সিভিল সার্জন, নরসিংদী।
১১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নরসিংদী।
১২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নরসিংদী।
১৩। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ, নরসিংদী।
১৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নরসিংদী।
১৫। জেলা তথ্য অফিসার, নরসিংদী।
১৬। অফিসার ইনচার্জ, নরসিংদী মডেল/শিবপুর মডেল/পলাশ/রায়পুরা/বেলাব/মনোহরদী/মাধবদী থানা, নরসিংদী।
১৭। অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড।

২৪।১২।২০২০

(প্রলয় কুমার জোয়ারদার, বিপিএম (বার), পিপিএম)
বিপি-৭৩০৫১১২৮৬৮
পুলিশ সুপার, নরসিংদী
ফোন ৯৪৬৩১৯১ ফ্যাক্স ৯৪৬৩৩৭১
E-mail: spnarsingdi@police.gov.bd

১১। বীর মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে নিয়োগ বাতিল হবে এবং গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যর্পন করতে বাধ্য থাকবেন মর্মে সংশ্লিষ্ট প্রার্থী যোগদানের সময় ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারী পাবলিকের অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

১২। মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুযায়ী ওয়ারিশপত্র দাখিল করতে হবে। বীর মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশপত্রে তার প্রতিস্বাক্ষর থাকবে এবং জীবিত না থাকলে ওয়ারিশপত্রে কমপক্ষে ০১ (এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে। কোন ওয়ারিশ অসত্য তথ্য প্রদান করে ওয়ারিশপত্র গ্রহণ করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেয়া হবে।

১৩। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১ (এক)সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

১৪। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সিল থাকতে হবে।

১৫। আগামী ৩১/০১/২০২১খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদনপত্র ডাকযোগে এ কার্যালয়ে পৌছাতে হবে। সরাসরি কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। মিথ্যা, ভুল, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।

১৬। প্রার্থীর বয়সসীমা ৩১/০১/২০২১খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার বয়সসীমা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১৭। নিয়োগের ক্ষেত্রে সরকারী সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের দাবিদার প্রার্থীকে তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে। অন্যথায় তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটার দাবিদার প্রার্থীদের সনদ/প্রমাণক বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ড/বিভাগীয় নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৯। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২০। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

২১। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত। নিয়োগ সংক্রান্ত বিষয়ে যেকোনো দাপ্তরিক প্রয়োজনে নিয়োগ বিজ্ঞপ্তি স্থগিত/বাতিল/সময়সীমা বর্ধিত করণ/বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা কম/বেশী করার ক্ষমতা সংরক্ষণসহ যেকোনো সিদ্ধান্ত গ্রহণের চূড়ান্ত ক্ষমতা সংরক্ষণ করেন।

২৪/১২/২০২০

(প্রলয় কুমার জোয়ারদার, বিপিএম (বার), পিপিএম)
বিপি-৭৩০৫১১২৮৬৮
পুলিশ সুপার, নরসিংদী
ফোন ৯৪৬৩১৯১ ফ্যাক্স ৯৪৬৩৩৭১
E-mail: spnarsingdi@police.gov.bd